



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৩.২০২০-১৬৭

তারিখঃ ১৪.১০.২০২০ খ্রি.

বিষয়ঃ ডা. স্বদেশ রঞ্জন সরকার (১১৩৪৩৯), সহকারী অধ্যাপক, ভাসকুলার সার্জারি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর (সংযুক্তঃ জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা

বিভাগীয় মামলা নং ... ১৬১৬/২০২০

অভিযোগনামা

যেহেতু আপনি ডা. স্বদেশ রঞ্জন সরকার (১১৩৪৩৯), সহকারী অধ্যাপক, ভাসকুলার সার্জারি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর (সংযুক্তঃ জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক গৃহীত আগস্ট, ২০১৫ সালের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় শুধু ৩য় পত্রে উত্তীর্ণ হয়েও জালিয়াতির মাধ্যমে এ সংক্রান্ত গেজেট পরিবর্তন করে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পত্রে পাশ করেছেন মর্মে তথ্য প্রতিস্থাপন করেছেন;

যেহেতু আপনি উপর্যুক্ত মিথ্যা তথ্য দিয়ে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য স্বাস্থ্য সেবা বিভাগে আবেদন করেছেন;

যেহেতু আপনি লিখিত জবাবে অপরাধের সত্যতা স্বীকার করেছেন;

যেহেতু আপনার উপর্যুক্ত কর্মকাণ্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমানার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল। একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

১৪. ১০. ২০২০
(মো. আবদুল মান্নান)
সচিব

ডা. স্বদেশ রঞ্জন সরকার (১১৩৪৩৯)

সহকারী অধ্যাপক (ভাসকুলার সার্জারি)

ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর (সংযুক্তঃ জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা)

(স্থায়ী ঠিকানাঃ গ্রাম+ডাকঘর: চাতাল, উপজেলা: কটিয়াদী, জেলা: কিশোরগঞ্জ)


নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৮৩.২০২০-৩৬৭/১(২০)

তারিখঃ ১৪.১০.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারীকৃত প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)

- ৪। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। অফিস কপি


১৪/১০/২০২০
(জাকিয়া পারভীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd


অভিযোগ বিবরণী

আপনি ডা. স্বদেশ রঞ্জন সরকার (১১৩৪৩৯), সহকারী অধ্যাপক, ভাসকুলার সার্জারি, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর (সংযুক্তঃ জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক গৃহীত আগস্ট, ২০১৫ সালের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষায় শুধু ৩য় পত্রে উত্তীর্ণ হয়েও জালিয়াতির মাধ্যমে এ সংক্রান্ত গেজেট পরিবর্তন করে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পত্রে পাশ করেছেন মর্মে তথ্য প্রতিস্থাপন করেছেন;

আপনি উপর্যুক্ত মিথ্যা তথ্য দিয়ে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য স্বাস্থ্য সেবা বিভাগে আবেদন করেছেন;

আপনি লিখিত জবাবে অপরাধের সত্যতা স্বীকার করেছেন;

আপনার উপর্যুক্ত কর্মকান্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যকলাপ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত হয়েছেন।



১৪. ১০. ২০২০
(মো. আবদুল মান্নান)
সচিব